

আর-রুম | Ar-Rum | الرُّوم

আয়াতঃ ৩০ : ১১

আরবি মূল আয়াত:

اللَّهُ يَبْدُوُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ﴿١١﴾

অনুবাদসমূহ:

আল্লাহ সৃষ্টির সূচনা করেন, তারপর তিনিই তার পুনরাবৃত্তি করবেন। তারপর তাঁর কাছেই তোমরা প্রত্যাবর্তিত হবে। — আল-বায়ান

আল্লাহ সৃষ্টির সূচনা করেন, অতঃপর তিনি তার পুনরাবৃত্তি করবেন, অতঃপর তাঁর দিকেই তোমাদেরকে ফিরিয়ে আনা হবে। — তাইসিরুল

আল্লাহ আদিত সৃষ্টি করেন, অতঃপর তিনি এর পুনরাবৃত্তি করবেন, তখন তোমরা তাঁরই নিকট প্রত্যাবর্তিত হবে। — মুজিবুর রহমান

Allah begins creation; then He will repeat it; then to Him you will be returned. — Sahih International

১১. আল্লাহ সৃষ্টির সূচনা করেন, তারপর তিনি এর পুনরাবৃত্তি করবেন(১), তারপর তোমাদেরকে তারই কাছে প্রত্যাবর্তন করানো হবে।

(১) সৃষ্টির সূচনা করা যার পক্ষে সম্ভবপর তার পক্ষে একই সৃষ্টির পুনরাবৃত্তি করা আরো ভালোভাবেই সম্ভবপর। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১১) আল্লাহ প্রথমবার সৃষ্টি করেন, অতঃপর তিনি তাকে পুনরায় সৃষ্টি করবেন,[1] অতঃপর তাঁরই নিকট তোমাদেরকে ফিরে যেতে হবে। [2]

[1] অর্থাৎ যেমন আল্লাহ তাআলা প্রথমবার সৃষ্টি করার ক্ষমতা রেখেছেন অনুরূপ মৃত্যুর পর পুনরায় দ্বিতীয়বার তাদেরকে জীবিত করার ক্ষমতা রাখেন। কারণ দ্বিতীয়বার সৃষ্টি করা প্রথমবার অপেক্ষা বেশি কঠিন নয়।

[2] অর্থাৎ, জমায়ের ময়দান ও হিসাবের জায়গায় (কিয়ামতের মাঠে ফিরে যেতে হবে)। যেখানে ন্যায় ও ইনসাফের সাথে বিচার করা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3420>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন